

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

নবম শ্রেণি

ভূগোল ও পরিবেশ

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১ × ৩ = ৩
- ১.১ অক্ষরেখার অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো—
- ক) সর্বোচ্চ অক্ষরেখার মান 0° খ) প্রতিটি অক্ষরেখা মহাবৃত্ত
- গ) অক্ষরেখাগুলি পরস্পরের সমান্তরাল ঘ) প্রতিটি অক্ষরেখার পরিধি সমান
- ১.২ বিদ্যার অণুদ্রবের মাধ্যমে সৃষ্ট ভূমিরূপ হলো—
- ক) স্তূপ পর্বত খ) লাভা মালভূমি
- গ) পর্বতবেষ্টিত মালভূমি ঘ) আগ্নেয়গিরি
- ১.৩ ঠিক জোড়াটি নির্বাচন করো—
- ক) দামোদর নদী - পশ্চিমবঙ্গের উত্তরের পার্বত্য অঞ্চল
- খ) কালিম্পং জেলা - সমুদ্র থেকে দূরবর্তী স্থান
- গ) পডজল মৃত্তিকা - পশ্চিমবঙ্গের পশ্চিমের মালভূমি অঞ্চল
- ঘ) অ্যালপাইন উদ্ভিদ - সুন্দরবন অঞ্চল
২. শূন্যস্থান পূরণ করো : ১ × ৩ = ৩
- ২.১ দ্রাঘিমাংসগুলি নিরক্ষরেখাকে _____ কোণে ছেদ করেছে।
- ২.২ আবহবিকারগ্রস্ত শিলা চূর্ণবিচূর্ণ হয়ে মূল শিলার উপর যে শিথিল আবরণ তৈরি করে তাকে _____ বলে।
- ২.৩ দার্জিলিং জেলার মধ্য দিয়ে প্রবাহিত একটি নিত্যবহ নদী হলো _____।
৩. সংক্ষিপ্ত উত্তর দাও :
- ৩.১ আবহবিকারে প্রাণীদের ভূমিকা উদাহরণসহ ব্যাখ্যা করো। ২
- ৩.২ 'পৃথিবীর বেশিরভাগ মানুষ সমভূমি অঞ্চলে বসবাস করেন।' — ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো। ৩
৪. পশ্চিমবঙ্গের জলবায়ু কীভাবে মৌসুমী বায়ু দ্বারা প্রভাবিত হয়? ৫

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।